তারিখ ...17 SEP 1989 ...
পৃষ্ঠা ... কলাম ...

# গণকম্পিউটার সাক্ষরতা কর্মসূচী উপস্থাপনা অনুষ্ঠানে রাষ্ট্রপতি

বাসস জানায়, রাষ্ট্রপতি এরশাদ গতকাল শনিবার 'বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গণ-কম্পিউটার সাক্ষরতা কর্মসূচীর উপস্থাপনা অনুষ্ঠানে যোগ দেন। বেসরকারী ও অলাভজনক সংস্থা 'রুরাল এইড বাংলাদেশ (আরএবি) এই কর্মসূচী হাতে নিয়েছে।

রাষ্ট্রপতিকে জানানো হয়, কর্মসূচীর অধীনে কম্পিউটার প্রোগ্রামিং, কী-বোর্ড এবং বিভিন্ন সফটওয়ার্ক সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হবে। এই কর্মসূচী বেকার যুবকদের আত্মকর্মসংস্থানে সহায়তা করবে।

রাষ্ট্রপতিকে জানানো হয়, সংস্থা ইতিমধ্যেই জেলা পর্যায় কর্মসূচী পরিচালনা করছে এবং উপজেলা পর্যায় কর্মসূচী সম্প্রসারণের পরিকল্পনা নেয়া হয়েছে। কৃষিমন্ত্রী ও জাতীয় কম্পিউটার বোর্ডের চেয়ারম্যান এম এ মুনএম, রাষ্ট্রপতির কম্পিউটার বিষয়ক উপদেষ্টা ডঃ রফিকুজ্জামান, রুরাল এইড বাংলাদেশের চেয়ারম্যান আকবরউদ্দিন আহমদ-এর, প্রধান পৃষ্ঠপোষক ও রাষ্ট্রপতির মুখ্য সচিব এ এইচ সাদেক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।